



দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা(২য় সংশোধিত) প্রকল্প

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

পল্লী ভবন (৬ষ্ঠ তলা)

৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

www.iresppw-brdb.gov.bd/Fax-8189029

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩.১৬৬৭

তারিখঃ ০৪/০৩/১৮খ্রিঃ

বিষয়ঃ ব্যাখ্যা তলব।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (২য় সংশোধিত) প্রকল্পভুক্ত ৫৯ টি উপজেলার মধ্যে মনিরামপুর উপজেলায় সক্রিয় সমিতি ও সদস্য সংখ্যা কম, অপরদিকে মেয়াদোত্তীর্ণ খেলাপী ও কিস্তি খেলাপীর পরিমাণ অনেক বেশি। বর্তমানে আপনার উপজেলায় মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণের পরিমাণ প্রায় ১৬.০০ লক্ষ টাকা এবং কিস্তি খেলাপির পরিমাণ প্রায় ২২.০০ লক্ষ টাকা। এতে সুস্পষ্টভাবে প্রতীয়মান হয় যে, আপনি আপনার উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালনসহ আপনার অধিনস্তদের মাধ্যমে কর্মসম্পাদনে ব্যর্থ হয়েছেন। তাছাড়া দমআক ও অত্র প্রকল্পের সুফলভোগীদের দীর্ঘদিনের খেলাপী ঋণ থাকা সত্ত্বেও তাদের বিরুদ্ধে কোন প্রকার আইনগত ব্যবস্থা গ্রহণ করেননি, যা আপনার দায়িত্ব পালনে ব্যর্থতা হিসেবে বিবেচ্য।

উক্ত ব্যর্থতার জন্য কেন আপনাকে প্রকল্পের চুক্তিভিত্তিক নিয়োগ হতে অপসারণ করা হবে না তার সন্তোষজনক ব্যাখ্যা পত্র জারির আগামী ১০ (দশ) কার্যদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে হার্ড কপি এবং অগ্রিম কপি প্রকল্পের ই-মেইল ঠিকানায় প্রেরনের জন্য নির্দেশক্রমে বলা হলো।

মোহাম্মদ আতিকুর রহমান

উপ-প্রকল্প পরিচালক

ইরেসপো, বিআরডিবি, ঢাকা।

০২-৮১৮০১৪৩

সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো)

উপজেলাঃ মনিরামপুর

জেলাঃ যশোর।

অনুলিপি প্রেরন করা হলো(জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

১. প্রকল্প পরিচালক, ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
২. উপপরিচালক, জেলাদপ্তর, বিআরডিবি, যশোর।
৩. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৪. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৫. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মনিরামপুর, যশোর।
৬. পরিচালক (প্রশাসন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৭. ব্যক্তিগত নথি / গার্ড ফাইল